# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 25 June, 2025

বাগেরহাটে আন্তর্জাতিক পরিবেশ দিবস উপলক্ষে বর্নাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার(২৫ জুন )সকালে জেলা প্রশাসন ও কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার-কোডেকের স্মার্ট প্রকল্পের আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রাটি প্রধান-প্রধান সড়ক প্রদক্ষিন করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়।

শোভাযাত্রায়, বাগেরহাটের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ মমিনুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার মোঃ শামীম হোসেন, পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আছাদুজ্জামান, যুদনাথ স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ ঝিমি মন্ডল, কোডেকের ফোকাল পার্সন সৈয়দ মাহবুবুর রহমান, স্মার্ট প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক লোকমান হোসেনসহ সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহন করেন।শোভযাত্রায় পরিবেশ রক্ষায় প্লাস্টিক বর্জনের আহবান জানানো হয়।

আন্তর্জাতিক পরিবেশ দিবস বর্নাঢ্য শোভাযাত্রা বাগেরহাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:57

URL: https://www.timestodaybd.com/across-the-country/2384983672